Series : HF1EG

SET – 4

Roll No.

| Q.P. Code | 7 |
|---|---|

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা*
*Time allowed : 3 hours*

*সর্বমোট অঙ্ক : 80*
*Maximum Marks : 80*

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** ছাপা পৃষ্ঠা রয়েছে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- **প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার যথাস্থানে প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।

- Please check that this question paper contains **15** printed pages.
- Please check that this question paper contains **16** questions.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- **Please write down the Serial Number of the question in the answer-book at the given place before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

~

**General Instructions :**

**সাধারণ নির্দেশ :**

1. The question paper contains **15** printed pages.
   প্রশ্নপত্রে **১৫টি** মুদ্রিত পৃষ্ঠা আছে।
2. The question paper contains **16** questions.
   প্রশ্নপত্রে **১৬টি** প্রশ্ন আছে।
3. The question paper is divided into **two** parts.
   প্রশ্নপত্রটি **দুটি** ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – I** | : Objective type questions (MCQ) | : **25 marks** |
| **ভাগ – I** | : নৈর্বক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক) | : **২৫ নম্বর** |
| **PART – II** | : Descriptive type question | : **55 marks** |
| **ভাগ – II** | : বর্ণনামূলক প্রশ্ন | : **৫৫ নম্বর** |

4. **Part – I** has **three** sections
   **ভাগ – I**-এ **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – A** | : Reading (Unseen Comprehension) | : **12 Marks** |
| **বিভাগ – A** | : পঠন (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ) | : **১২ নম্বর** |
| **Section – B** | : Grammar | : **03 Marks** |
| **বিভাগ – B** | : ব্যাকরণ | : **০৩ নম্বর** |
| **Section – C** | : Main Course Book & Supplementary Reader | : **10 Marks** |
| **বিভাগ – C** | : মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ | : **১০ নম্বর** |

5. **Part – II** has **three** sections :
   **ভাগ – II** -এ **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – B** | : Grammar | : **10 Marks** |
| **বিভাগ - B** | : ব্যাকরণ | : **১০ নম্বর** |
| **Section – C** | : Main Course Book | : **33 Marks** |
| **বিভাগ – C** | : মূল পাঠ্য পুস্তক | : **৩৩ নম্বর** |
| **Section – D** | : Creative Writing | : **12 Marks** |
| **বিভাগ – D** | : সৃজনাত্মক লিখন | : **১২ নম্বর** |

ভাগ – I : নৈর্ব্যক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক প্রশ্ন)

**PART – I : Objective Type Question (MCQ)** **(25 marks)**

বিভাগ – A (পঠন)

**SECTION – A (READING)**

(অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ)

**(Unseen Comprehension)**

1. নীচের তিনটি গদ্যাংশ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো।

(A) আমরা ময়ুরভঞ্জের রাজার শিকারের বাংলো ভঞ্জবাসার পথ ছেড়ে এসেছি। পথটা বড়াকামড়া বাংলো থেকে নদী পেরিয়ে লাল মাটির লালিমা মেখে ছুটে গেছে সবুজ জঙ্গলের গভীরে। গতকাল আমরা রাজার বাড়ি চাহালাতে ছিলাম। চাহালা নামটার একটা ইতিহাস আছে। এখানে রাজা প্রত্যেকবার শিকারে আসতেন। একবার হাঁকা শিকারের সময় রাজা এবং তাঁর বন্ধু-বান্ধবেরা অনেক জানোয়ার মারলেন। আর সঙ্গে সঙ্গে আরম্ভ হল শিলাবৃষ্টি। সে কী শিলাবৃষ্টি ! রাজার ক'জন বন্ধু মারা গেলেন, মারা গেল অনেক হাঁকাওয়ালা। রাজাও নাকি আহত হয়েছিলেন। লোকে বলতে লাগল যে, ভগবানের আসন টলে গেল। মরণোন্মুখ ও আহত পশুপাখির কান্নায় ও চিৎকারে ভগবানের আসন টলে গেছিল সেদিন। সেই থেকে নাম চাহালা। সেই দিন থেকে চাহালাতে শিকার বন্ধ। এমন কি, গাছ পর্যন্ত কাটা হত না রাজার আমলে। এখনও অনেক বনবিভাগের অফিসার সেকথা মেনে চলেন। বাংলোর হাতায় একটা পিয়াশাল গাছ আছে কুয়োয় যাওয়ার পথে, তার চারদিকে কাঁটাতার দিয়ে ঘিরে রেখেছেন রেঞ্জার মিশ্রবাবু। পাছে ভুল করে গাছটার কেউ ক্ষতি করে। **4×1 = 4**

এখানে প্রকৃতির পুত্র-কন্যাদের উপর বিন্দুমাত্র অন্যায় হলে আবারও ভগবানের আসন টলতে পারে। সকলেই এই ভয় বুকে নিয়ে বাঁচেন। চাহালা বেশ উঁচু। গরমের দিনেও ঠান্ডা। অনেকগুলো ইউক্যালিপটাস গাছ আছে হাতার মধ্যে, বৃত্তাকারে লাগানো। বসন্ত-সকালের সোনার রোদ যখন ইউক্যালিপটাসের মসৃণ পাতায় চমকাতে থাকে, সুনীল আকাশের নীচে তখন নীলকণ্ঠ পাখি বুকের মধ্যে চমক তুলে ডেকে ডেকে ওড়ে। টিয়ার ঝাঁক শিহরন তুলে একদল ছোট্ট সবুজ জেট-প্লেনের মতো ছুটে যায় নক্ষত্র জয়ের জন্য নীলোৎপল আকাশে।

(I) রেঞ্জার মিশ্রবাবু ছিলেন –

(A) শিকার প্রেমী (B) প্রকৃতি প্রেমী
(C) সৌন্দর্য প্রেমী (D) শিল্প প্রেমী

(II) "লোকে বলতে লাগল যে ভগবানের আসন টলে গেল" কারণ –

**কারণ (ক) :** প্রকতির পুত্র কন্যাদের উপর অত্যাচার ভগবান সইলেন না।

**কারণ (খ) :** হাঁকা শিকারের সময় রাজার সঙ্গী সাথীরা অনেকেই মারা গেলেন।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) কারণ (ক) ঠিক, (খ) ভুল।
(B) কারণ (ক) ভুল, (খ) ঠিক।
(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।
(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

(III) প্রদত্ত অনুচ্ছেদটিতে কটি পাখির উল্লেখ রয়েছে ?

(A) একটি (B) দুটি
(C) তিনটি (D) চারটি

(IV) 'নীলোৎপল' শব্দটির সন্ধিবিচ্ছেদের সঠিক রূপটি হবে –

(A) নীল + ওৎপল (B) নীলা + উৎপল
(C) নীল + উৎপল (D) নীলো + উৎপল

(B) নিখিলরঞ্জন যখন কলেজে পড়িতে গেল তখন তাহার এই ব্যসনে খানিকটা ছেদ পড়িয়াছিল। কারণ পাড়াগাঁয়ে পোকার যত প্রাদুর্ভাব কলিকাতা শহরে তত নয়। কলিকাতার মানুষরাই পোকার মতো চারিদিকে কিলবিল করিতেছে। তবু মাঝে মাঝে দেখা যাইত, রাত্রে নিখিলরঞ্জন রাস্তার ল্যাম্পপোস্টগুলির দিকে উর্ধ্বমুখে চাহিয়া আছে। রাস্তার আলোগুলিকে কেন্দ্র করিয়া অনেক পোকার ভীড়। কিন্তু সেগুলি তো নাগালের বাহিরে। নিখিলরঞ্জন কিছুক্ষণ চাহিয়া থাকিয়া আবার মেসে ফিরিয়া যাইত। একদিন সহসা অনুভব করিল, তাহার কামিজের ভিতর একটা পোকা ঢুকিয়াছে, পিঠের দিকে সড়সড় করিয়া চলিয়া বেড়াইতেছে। তাড়াতাড়ি কামিজটা খুলিয়া ফেলিল, দেখিল পোকাই, সেই ছাই-ছাই রঙের কান-কটারি পোকা। সঙ্গে সঙ্গে পিষিয়া মারিয়া ফেলিল $4 \times 1 = 4$

সেটাকে। আরও মাসখানেক পরে যাহা ঘটিল তাহা একটু অদ্ভুত। নিখিলরঞ্জন একটু পরিষ্কার পরিচ্ছন্ন মানুষ। গামছাটি নিজের হাতে কাচিয়া শুকাইতে দেয়। পরিষ্কারভাবে নিজের বিছানা নিজেই করে। মশারিটি ঝাড়িয়া স্বহস্তে টাঙায় সেটি রোজ। একদিন রাত্রে শুইয়া আছে, চোখে ঘুমটি সবে লাগিয়াছে, এমন সময় তাহার মনে হইল ঘাড়ের নীচে কি যেন সুড়সুড় করিতেছে। তাড়াতাড়ি উঠিয়া টর্চ জ্বালিল। কিছু দেখিতে পাইল না প্রথমে। তাহার পর বালিশ উল্টাইয়া দেখিল, একটা পোকা তর-তর করিয়া পলাইতেছে। ছাই-ছাই রঙের সেই পোকা। পোকটার কেমন যেন একটা স্পাই-স্পাই ভাব। এদিক ওদিক ক্রমাগত লুকাইয়া বেড়াইতে লাগিল, সহজে তাহাকে ধরা গেল না। কিন্তু নিখিল ছাড়িবার পাত্র নয়। পোকাটাকে অবশেষে সে ধরিয়া ফেলিল এবং তর্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যে পিষিয়া মারিয়া ফেলিল সেটাকে। মরিয়ার সময় পোকাটা অদ্ভুত শব্দ করিল একটা।

(I) প্রদত্ত বিবৃতি দুটি পড়ে সঠিক উত্তর নির্বাচন করো :

**বিবৃতি-১ :** কলকাতায় পড়তে এসেও নিখিলরঞ্জন তার অভ্যাস ত্যাগ করতে পারে নি।

**বিবৃতি-২ :** রাস্তার আলোয়, জমে থাকা পোকাগুলি সে মারতে থাকত।

সঠিক বিকল্পটি নির্বাচন কর :

(A) বিবৃতি-১ এবং ২ দুটোই ঠিক।

(B) বিবৃতি-১ এবং ২ দুটোই ভুল।

(C) বিবৃতি-১ ঠিক, কিন্তু বিবৃতি ২ ভুল।

(D) বিবৃতি-১ ভুল, কিন্তু বিবৃতি ২ ঠিক

(II) নীচের কোনটি নিখিলরঞ্জনের চরিত্র সম্পর্কে সত্য নয় ?

(A) কলেজে পড়ার আগে নিখিল রঞ্জন শহরে থাকত।

(B) কলকাতায় এসেও নিখিল রঞ্জনের পোকা মারার বদ্ অভ্যাসটি গেলনা।

(C) নিখিল রঞ্জন অত্যন্ত পরিস্কার পরিছন্নতা পছন্দ করত।

(D) নিখিল রঞ্জনের অভ্যাস ছিল পোকা ধরে পিষে মেরে ফেলা।

(III) পোকাটিকে নিখিল রঞ্জনের স্পাই বলে মনে হল কেন ?

(A) পোকাটি তার ঘাড়ের নীচে সুড়সুড়ি দিচ্ছিল।

(B) পোকাটি ছাই-ছাই রঙের ছিল।

(C) পোকাটি তরতর করে পালিয়ে গেল।

(D) পোকাটি লুকিয়ে বেড়াতে লাগল, ধরা গেল না।

(IV) তর্জনী ও অঙ্গুষ্ঠ বলতে বোঝায়

(A) যে কোনো একই হাতের দুটি আঙ্গুল।

(B) যে কোনো একই পায়ের দুটি আঙ্গুল।

(C) দুটি পায়ের দুটি আঙ্গুল।

(D) দুটি হাতের দুটি আঙ্গুল।

(C) একদিন আগে থেকে বিউলির ডালকে ৫-৬ ঘন্টা ভিজিয়ে রাখতে হয়। ভালো করে খোসা ছাড়িয়ে নিতে হবে। পরের দিন খুব ভোরে জল ঝরিয়ে শিল নোড়া অথবা মিক্সি মেশিনে বেটে নিতে হবে মিহি করে। মণ্ডটি যেন ঘন মাখনের মতো দানাবিহীন হয়। অন্যান্য ডালের তুলনায় বিউলির ডাল বা বিরিকলাই বা মাসকলাইয়ের আঠালো বা চটচটে ভাব সবচেয়ে বেশি। এবার পরিমাণ মতো নুন মিশিয়ে ভালো করে ফেটিয়ে নিতে হবে। এতে বড়ির শুভ্রতা বাড়ে। হাল্কা ও সুস্বাদু হয়। ফেটানো মণ্ড যেন পাতলা না হয়। জলে একটু মণ্ড ফেললে যদি ভেসে ওঠে তবে বুঝতে হবে ফেটানো ভালো হয়েছে। আর ফেটানোর কাজ শেষ হলেই সঙ্গে সঙ্গে বড়ি তৈরি করে নিতে হবে। নচেৎ ভালো বড়ি হবেনা। 4×1 = 4

ট্রে বা থালাতে তেল মাখিয়ে তার ওপর পোস্ত বা ছাড়ানো তিল ছড়িয়ে তার ওপর গয়না বড়ি দেওয়া হয়। প্রথমে একটা মোটা পরিষ্কার কাপড়ের টুকরোতে চোঙ লাগাতে হয়। এবার সেই চোঙ পুঁটলিতে ফেটানো মণ্ড ভরে হাতের মুঠোয় ধরে চাপ দিয়ে চোঙ থেকে পাঁপড়ি বের করে সৃষ্টি সুখের উল্লাসে মাতোয়ারা হন বড়ি শিল্পীরা।

বিশিষ্ট বড়ি শিল্পী মীরা মাইতির কথায়, 'বড়ি তৈরি করার জন্য কোনো স্কেচ বা ডাইস প্রয়োজন হয় না। নকসার রূপটি মনে মনে এঁকে নিয়ে বাঁধুনি বা ভিত দিয়ে প্রথমে আরম্ভ করতে হয়। চোঙ থেকে বেরিয়ে আসা পাঁপড়ি যদি মনোমত নকসা অনুযায়ী স্থাপিত না হয় বা দূরে পড়ে যায় বা জড়িয়ে যায় তখন ওই কাঠির সাহায্যে ঠিক মতো সেটিং করে নিতে হয়। আবার চোঙ এর মুখ থেকে পাঁপড়িকে একটু একটু করে কেটে নিয়ে বড়ির উপর সেটিং করে সৌন্দর্য বাড়ানো যায়, একে বুটি বলা হয়। প্রথমে মোটা চোঙ-এ পাঁপড়ি ফেলে তার উপর সরু চোঙ এর পাঁপড়ি ফেলে বড়ি তৈরি করলে বড়ি ভারী মজবুত ও টেকসই হয়।'

(I) গয়নাবাড়ি তৈরির নিম্নে প্রদত্ত পূর্ব প্রক্রিয়াগুলি ক্রমানুসারে সাজালে সঠিক ক্রমটি হবে –

1. মিক্সি মেশিনে মিহি করে ডাল বাটতে হবে।
2. পরদিন ভোরে জল থেকে জল ঝরাতে হবে।
3. ৫-৬ ঘন্টা ভিজিয়ে রাখতে হবে।
4. ভালো করে খোসা ছাড়িয়ে নিতে হবে।

(A) 3 - 4 - 2 - 1 (B) 2 - 3 - 1 - 4
(C) 4 - 3 - 2 - 1 (D) 1 - 2 - 3 - 4

(II) "সৃষ্টি সুখের উল্লাসে মাতোয়ারা হন বড়িশিল্পিরা" – কীসের সৃষ্টিতে এই সুখ ?

(A) বড়ির শুভ্রতা বাড়ানোয়
(B) হালকা বড়ি বানানোয়
(C) বড়ির নিত্যনতুন নক্সা বানানোয়
(D) বড়ির স্বাদ বাড়ানোয়

(III) বড়ি মজবুত ও টেকসই হয় কীভাবে ?

(A) সরু চোঙের পাপড়ি ফেললে
(B) মোটা চোঙের পাপড়ি ফেললে
(C) মোটা চোঙের উপর সরু চোঙের পাপড়ি ফেললে।
(D) সরু চোঙের উপর মোটা চোঙের পাপড়ি ফেললে।

(IV) "ভালো করে খোসা ছাড়িয়ে নিতে হবে" – এর সাধুভাষার রূপটি হবে

(A) ভালো করে খোসা ছাড়াইয়া লইতে হইবে।
(B) ভালো করিয়া খোসা ছাড়াইয়া লইতে হইবে।
(C) ভালো করিয়া খোসা ছাড়িয়ে নিতে হইবে।
(D) ভালো করিয়া খোসা ছাড়াইয়া নিতে হবে

## বিভাগ – B

## SECTION – B

### (ব্যাকরণ)

### (Grammar)

### (MCQ)

2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো : (যে কোনো **তিনটি**) (any **three**) **3 × 1 = 3**

(I) "জেলেদের দিক থেকে ভেসে আসে উল্লাসধ্বনি"

– বাক্যটিকে সাধুভাষায় পরিবর্তন করলে এর রূপ হবে –

(A) জেলেদের দিক হইতে ভেসে আসে উল্লাসধ্বনি।

(B) জেলেদের দিক হইতে ভাসিয়া আসে উল্লাসধ্বনি।

(C) জেলেদের দিক থেকে ভাসিয়া আসে উল্লাসধ্বনি।

(D) জেলেদের দিকে ভাসিয়া আসে উল্লাসধ্বনি।

(II) "অপূর্ব মুগ্ধ হইয়া সেইদিকে চাহিয়া ছিল" চলিত রীতিতে বাক্যটির রূপ কী হবে ?

(A) অপূর্ব মুগ্ধ হয়ে সেইদিকে চেয়ে ছিল।

(B) অপূর্ব মুগ্ধ হইয়া সেইদিকে চেয়ে ছিল।

(C) অপূর্ব মুগ্ধ হয়ে সেইদিকে চাহিয়া ছিল।

(D) অপূর্ব মুগ্ধ ভাবে সেইদিকে চাহিয়া ছিল।

(III) "আমি সিটের পিছন দিক ধরে দাঁড়াই, তারপর গা ছেড়ে দিই" – সাধুরীতিতে বাক্যটির রূপ হবে

(A) আমি সিটের পিছন দিক ধরিয়া দাঁড়াই, তারপর গা ছেড়ে দিই।

(B) আমি সিটের পিছন দিক ধরে দাঁড়াই তাহার পর গা ছাড়িয়া দিই।

(C) আমি সিটের পিছন দিক ধরে দাঁড়াই, তাহার পর গা ছেড়ে দিই।

(D) আমি সিটের পিছন দিক ধরিয়া দাঁড়াই, তাহার পর গা ছাড়িয়া দিই।

(IV) "হিরালাল দত্ত মহাশয় হুঁকা হাতে করিয়া ধূমপান করিতেছিলেন" – বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে

(A) হীরালাল দত্ত মশায় হুঁকা হাতে করে ধূমপান করিতেছিলেন।

(B) হীরালাল দত্ত মশাই হুঁকা হাতে করে ধূমপান করছিলেন।

(C) হীরালাল দত্ত মশাই হুঁকা হাতে করিয়া ধুমপান করছিলেন।

(D) হীরালাল দত্ত মহাশয় হুঁকা হাতে করে ধূমপান করিতেছিলেন।

(V) "পদ্মানদী সাঁতার কাটিয়া পার হইয়া যান" – চলিতরীতিতে বাক্যটির রূপ কী হবে ?

(A) পদ্মানদী সাঁতার কেটে পার হইয়া যান।

(B) পদ্মানদী সাঁতার কাটিয়া পার হয়ে যান।

(C) পদ্মানদী সাঁতার কেটে পার হয়ে যান।

(D) পদ্মানদী সাঁতার কেটে পার হইয়া যাচ্ছিলেন।

## বিভাগ – C

## SECTION – C

### (মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ / অনুনুপুঙ্খ পাঠ)

### (Main Course Book & Supplementary Reader / Non-detailed text) : (MCQ)

3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো।

(যে কোনো **ছ'টি**) **6 × 1 = 6**

(I) নিম্নে প্রদত্ত কোন ঘটনাটি তপনের কাছে সব চেয়ে অপমানজনক ছিল ?

(A) ছোটমাসির নূতন মেসোকে গল্পটি পড়তে দেওয়ার।

(B) পত্রিকায় নিজের গল্পটি পড়ে দেখার।

(C) ছাদে বসে প্রথম গল্প লেখার।

(D) তার গল্প পড়ে নূতন মেসোর উচ্ছ্বসিত প্রশংসা করার।

(II) আলোবাবু কোন কাজটি পূজো করার মতো নিষ্ঠার সঙ্গে করতেন ?

(A) রোগীর সেবা করার । (B) পাখির ছানাকে খাওয়ানোর ।

(C) সোলার হ্যাট বাজিয়ে গান গাওয়ার । (D) ঘড়িতে দম দেওয়ার ।

(III) হরিদা বহুরূপী সেজে কখন পথে বের হন ?

(A) শুধু সকালে (B) শুধু সন্ধ্যায়

(C) শুধু দুপুরে (D) যখন ইচ্ছে হয়

(IV) অমৃত ইসাবের ছেঁড়া জামাটা খুলিয়ে নিজে পড়ে নিল । কারণ –

**কারণ (ক)** : ইসাবের বাবা সুদখোরের কাছ থেকে অনেক কষ্টে ইসাবের জামাটা কিনেছিলেন । ছেঁড়া জামা দেখলে উনি রেগে যাবেন ।

**কারণ (খ)** : ইসাবের মা না থাকায় বাবার মারের হাত থেকে তাকে বাঁচানোর কেউ নেই ।

সঠিক বিকল্পটি নির্বাচন করো :

(A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(V) "আমরাও চমকে উঠেছি বই কি" –

কাকে দেখে লেখক ও তাঁর সঙ্গীরা চমকে উঠেছিলেন ?

(A) বিরাগী রূপী হরিদাকে দেখে

(B) বাইজী রূপী হরিদাকে দেখে

(C) পুলিশ রূপী হরিদাকে দেখে

(D) পাগল রূপী হরিদাকে দেখে

(VI) কার নিরাপত্তার কথা ভেবে অবিনাশ – বাবুর স্ত্রী আলোবাবুকে বাড়ি থেকে তাড়ালেন ?

(A) পোষা কুকুরটির (B) তাঁর স্বামীর

(C) তাঁর নিজের (D) তাঁর শিশুপুত্রের

(VII) তপন গল্পটা পড়ে যাচ্ছিল, কিন্তু তার মাথায় ঢুকছিল না। কারণ –

**কারণ (ক)** : তার লেখা গল্পটি মেসো সম্পূর্ণ পাল্টে দিয়েছিল।

**কারণ (খ)** : বাড়ির সকলে তার গল্প ছাপার কৃতিত্ব মেসোকেই দিচ্ছিল।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন কর –

(A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(B) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(VIII) চিকিৎসা করে সুস্থ করার পর আলোবাবু পাখির ছানাটিকে কী করবেন ?

(A) বিক্রি করবেন (B) পুষবেন

(C) লেখককে দিয়ে দেবেন (D) ছেড়ে দেবেন

4. গল্পগুচ্ছ (পাঠ্য সংস্করণ) থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করো। যে-কোনো **চারটি** (any **four**)। **4 × 1 = 4**

(I) নিম্নে প্রদত্ত কোন দুটি বৈশিষ্ট্য রতনের চরিত্রের উপযুক্ত বর্ণনা ?

(A) পরিণত ও কৃত্রিম (B) সরল ও কর্মঠ

(C) অলস ও মমতাময়ী (D) কর্তব্যনিষ্ঠ ও নির্দয়ী

(II) কিন্তু পূর্বের মতো পোস্টমাস্টার আর রতনকে ডাকতেন না। কারণ –

**কারণ (ক)** : তিনি কলকাতায় ফেরার চিন্তায় অধীর হয়ে থাকতেন।

**কারণ (খ)** : বদলির জন্য যে দরখাস্ত করেছিলেন তার উত্তরের আশায় চিন্তামগ্ন থাকতেন।

নীচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(B) কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(III) প্রথম আলাপে লেখকের কাছে রহমত তার দেশের কোন বিষয়ে গল্প করেছিল ?

(A) শুকনো ফলের (B) সীমান্ত রক্ষানীতি

(C) প্রাকৃতিক সৌন্দর্য (D) সেখানকার জীবিকা

(IV) **বিবৃতি (১) :** শশীভূষণ ও রাধামুকুন্দের প্রীতিবন্ধন ব্রজসুন্দরীর অসহ্য লাগত।

**বিবৃতি (২) :** ব্রজসুন্দরী সন্দেহ করতেন যে রাধামুকুন্দ তলে তলে শশীভূষণকে ঠকিয়ে যাচ্ছে।

নিম্নে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তর নির্বাচন করো :

(A) বিবৃতি (১) ঠিক, বিবৃতি (২) ভুল

(B) বিবৃতি (১) ভুল, বিবৃতি (২) ঠিক

(C) বিবৃতি (১) এবং (২) দুটোই ঠিক

(D) বিবৃতি (১) এবং (২) দুটোই ভুল

(V) লেখক কন্যা মিনিকে কাবুলিওয়ালার সঙ্গে পরিচয়ের প্রথম দিনে তাকে অন্তঃপুর থেকে ডেকে আনলেন কেন ?

(A) ভদ্রতা রখার জন্য

(B) মিনির মনের অকারণ ভয় দূর করার জন্য

(C) মিনিকে কাবুলিওয়ালাকে দেখিয়ে ভয় পাওয়ানোর জন্য

(D) মিনির পছন্দমতো বাদাম-কিশমিশ কেনার জন্য

(VI) শশিভূষণ যার রাধামুকুন্দ ছেলেবেলায় পাঠশালা পালিয়ে কোথায় যেত ?

(A) মাসির কাছে গল্প শুনতে

(B) দূরপল্লিতে যাত্রা শুনতে

(C) পাঠশালায় খেলতে

(D) রাখাল ছেলেদের সঙ্গে খেলতে।

## ভাগ – II : বর্ণনামূলক প্রশ্ন

## PART – II : DESCRIPTIVE TYPE QUESTION (55 marks)

### বিভাগ – B : ব্যাকরণ (বিষয়গত)

### SECTION – B : Grammar (Subjective)

5. (A) সন্ধি-বিচ্ছেদ করো। যে কোনো **দুটি** (any **two**)। **2 × 1 = 2**

বাগাড়ম্বর, সজ্জন, নিরাপদ, ভ্রাতুষ্পুত্র, উচ্ছৃঙ্খল

(B) সন্ধিবদ্ধ পদটি লেখ। যে কোনো **দু'টি** (any **two**)। **2 × 1 = 2**

চতুঃ + বেদ; কুৎ + ঝটিকা; বহিঃ + কার; সম্ + যোগ

6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো। যে-কোনো **তিনটি** (any **three**)। **3 × 1 = 3**

(I) দেবতাকে পলান্ন নিবেদন কর।

(II) উপদ্বীপে কিন্তু আদিবাসী থাকে।

(III) বিয়েবাড়িতে দেনাপাওনা নিয়ে বিবাদ হলো।

(IV) গ্রামের শেষ প্রান্তে রয়েছে হরগৌরী মন্দির।

(V) পরমেশ্বর তোমাদের রক্ষা করণ।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো। যে-কোনো **তিনটি** (any **three**)। **3 × 1 = 3**

(I) অশান্ত চঞ্চল ঘোড়াটি কেবলই পা ঠুকছে। (জটিলবাক্যে)

(II) একজন বেদানা ভেঙে একটা বাটিতে জড়ো করছে। (যৌগিকবাক্যে)

(III) মা ও হাসে, শিশুটিও হাসে। (সরলবাক্যে)

(IV) খবরটা শোনা মাত্র সে কাঁদতে লাগল। (জটিল বাক্যে)

(V) যদিও সে অপেক্ষা করছে, তবুও আমি রাগ করে যাই নি। (সরল বাক্য)

বিভাগ – C

**SECTION – C**

**(মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ/অননুপুঙ্খ পাঠ)**

**(Main Course Book & Supplementary Reader / Non-detailed Text)**

8. আলোবাবু পাখির ছানাটিকে কী ভাবে পেয়েছিলেন ও তার সেবা করেছিলেন ? **1 × 2 = 2**

9. (a) "মেসোর উপযুক্ত কাজ হবে সেটা" – কোন কাজটি কেন মেসোর উপযুক্ত কাজ হবে বলে মনে হয় - কারণ বিশ্লেষণ কর । **3**

(b) "বড়ো চমৎকার আজকের এই সন্ধ্যা" – কাদের কোন অবস্থার পরিপ্রেক্ষিতে এই সন্ধ্যা চমৎকার মনে হয়েছিল তা গল্প অনুসরণে ব্যাখ্যা কর । **3**

10. "যা ভেবেছিলাম তাই হলো, উনি আসল ঘটনাটা জানেন" **2 + 3 = 5**

(a) কে, কার সম্পর্কে একথা ভেবেছে ?

(b) এই 'আসল ঘটনাটি'র সংক্ষেপে বর্ণনা দাও

**অথবা/OR**

"হবিদার জীবনে সাত্যিই একটা নাটকীয় বৈচিত্র্য আছে । আর সেইটেই যে হরিদার জীবনের পেশা ।"

(a) হরিদার পেশার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

(b) এই পেশায় কীভাবে তিনি নাটকীয় বৈচিত্র্য এনেছিলেন ?

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো : **1 × 5 = 5**

"অস্ত্র ফ্যালো ......... পায়ে "

**অথবা/OR**

"আমাদের ইতিহাস নেই
অথবা এমনই ইতিহাস"

12. "সহজ করে বাঁচা কী আর খাঁচাতে সম্ভব ।" **2 + 3 = 5**

(a) এখানে 'খাঁচা' ও 'সহজ করে বাঁচা' বলতে কবি কী বুঝিয়েছেন ?

(b) "তিন পাহাড়ের কোলে" কবিতায় এই উক্তির তাৎপর্য্য লেখ ।

**অথবা/OR**

"সকালে প্রভাতফেরির সঙ্গে
ভোরের আজান
একাকারে মিলিয়ে যাচ্ছে ।"

(a) প্রভাত ফেরি ও আজান বলতে কী বোঝ ?

(b) 'একাকারে মিলিয়ে যাচ্ছে ।' কেন, কীভাবে ?

13. "সমস্ত রাত্রি স্বপ্নে ও জাগরণে বালিকার কানে পোস্টমাস্টারের হাস্যধ্বনির কণ্ঠস্বর বাজিতে লাগিল, 'সে কী করে হবে'" – **2 + 3 = 5**

(a) একথা পোস্টমাস্টার কখন, কেন বলেছিলেন ?

(b) পোস্টমাস্টারের এই কথায় বালিকার মনে এইরূপ প্রতিক্রিয়া হয়েছিল কেন ?

14. "আজিকার এই শুভদিনে এ লোকটা এখান হইতে গেলেই ভাল হয়" – **2 + 3 = 5**

(a) কার, কোন লোকটার সম্পর্কে, একথা মনে হয়েছিল।

(b) লোকটার উপস্থিতি বক্তার কাছে অবাঞ্ছিত ছিল কেন ?

**অথবা/OR**

"জীবনের এতগুলো দিনকে কি একদিনে বিচ্ছিন্ন করিয়া চলিয়া যাওয়া যায়।"

(a) রাধামাধবের স্মৃতিচারণ অবলম্বনে সেই দিনগুলির বর্ণনা দাও।

(b) কেন সেই সম্পর্ক ছিন্ন করার চিন্তা রাধামাধবের মনে হয়েছিল ?

## বিভাগ – D
## SECTION – D
## (সৃজনাত্মক লিখন)
## (Creative Writing)

15. নিম্নলিখিত **যে-কোনো একটি** (any **one**) বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো। **6**

(I) গঙ্গাদূষণ সমস্যা ও তার প্রতিকার

(II) সকলের জন্য শিক্ষা

(III) শৈশবে ফেলে আসা দিনগুলি

16. নিম্নলিখিত বিষয় অবলম্বনে সম্পাদকের প্রতি পত্র রচনা করো। (শব্দ-সীমা অনধিক ১৫০) **6**

প্রতিবছর মহানন্দা নদীতে বাঁধ ভেঙে বন্যার জলে প্রচুর মানুষ গৃহহীন হয় – এর প্রতিকারের আবেদন জানিয়ে 'অরুণিমা সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র লেখো।

**অথবা/OR**

বিদ্যালয়ে মিড-ডে মিলের খাদ্য তালিকা একজন খাদ্যবিশেষজ্ঞের পরামর্শ অনুসারে সঠিক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্মাণ করা উচিত – একজন সচেতন নাগরিক হিসেবে তোমার মতামত প্রকাশ করে সংবাদপত্রের সম্পাদককে একটি পত্র লেখো।

---